

পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

যাঁর যাঁর দায়িত্ব ও কর্তব্য অবশ্যই পালন করতে হবে

“দীর্ঘ ১৯ বছর পর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের মুখে হাসি ফুটলো”

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নিজেদের আত্মমর্যাদা সঠিকভাবে অনুধাবন করে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য অবশ্যই পালন করতে হবে। প্রত্যেকের দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন করার মাধ্যমে যোগ্যতার প্রমাণ দিতে হবে। নিজেকে ভালোবাসতে হবে এবং ঐক্যবদ্ধভাবে জাতির পিতার নামে প্রতিষ্ঠিত, দক্ষিণ এশিয়ার সবচাইতে বড় চিকিৎসা প্রতিষ্ঠান, বিশ্ব সেরার তালিকায় স্থান পাওয়া বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিতে হবে। মাননীয় উপাচার্য বলেন, নিজের ব্যক্তি জীবনে উপেক্ষা করে বাংলাদেশকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সার্বক্ষণিক কাজ করে যাচ্ছেন। এ বিষয়টি অন্তরে ধারণ করে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর যথাযথ দায়িত্ব পালনের মাধ্যমে নিজ নিজ প্রতিষ্ঠানের ইমেজ বৃদ্ধি করতে হবে। মাননীয় উপাচার্য আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে শিগগিরই এমবিবিএসসহ আন্ডার গ্রাজুয়েট মেডিক্যাল কোর্সসমূহ অন্তর্ভুক্ত হচ্ছে। আগামী শিক্ষা বর্ষ থেকে এটা কার্যকর হবে। আজ মঙ্গলবার ২৮ নভেম্বর ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এ ব্লক অডিটোরিয়ামে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নানের সঞ্চালনায় পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (অর্থ, হিসাব ও অডিট) জনাব মোঃ আবদুস সোবহান, অতিরিক্ত রেজিস্ট্রার ডা. স্বপন কুমার তপাদার, পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ডা. সাকী খন্দকার, এ্যাড. তানিয়া আক্তার কেয়া, জিএম আবুল হাসান, মোঃ আমিনুল ইসলাম পলাশ, মোঃ বেলাল হোসেন প্রমুখ। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা এই প্রথমবারের মতো দীর্ঘ ১৯ বছর পর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য এ ধরনের পদোন্নতি দেয়ায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানসহ বর্তমান প্রশাসনের সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ও দোয়া কামনা করেন। উল্লেখ্য, মোট ৩৩ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারীকে পদোন্নতির নিয়োগপত্র প্রদান করা হয়।

